দৈনিক সংবাদ

তারিখ ... AUG 01 1999 ...
পৃষ্ঠা ১ কলাম ৬

# ডিগ্রি পরীক্ষার ফল প্রকাশ
# পাসের হার ৩৫.৭০%

নিজস্ব বার্তা পরিবেশক ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৮ সালের ডিগ্রি (পাস ও সার্টিফিকেট) পরীক্ষার ফলাফল গতকাল শনিবার প্রকাশিত হয়েছে। পাসের হার শতকরা ৩৫ দশমিক ৭০।

১৯৯৮ সালের সমাজ বিজ্ঞান, কলা, বাণিজ্য ও বিজ্ঞান বিভাগে মোট ১ লাখ ৯০ হাজার ১শ' ৩৪ জন পরীক্ষার্থীর মধ্যে ১ লাখ ৮৪ হজার ৩শ' ২৬ জন পরীক্ষায় অংশ নেয়। এদের মধ্যে ৬৫ হাজার ৮শ' ১২ জন কৃতকার্য হয়েছে। সম্মিলিত মেধা তালিকায় চট্টগ্রাম সরকারি সিটি কলেজের কলা বিভাগের পরীক্ষার্থী মোহাম্মদ মাকসুদুর রহমান ৭শ' ৩৭ নম্বর পেয়ে প্রথম স্থান অর্জন করেছে। দ্বিতীয় হয়েছে বিজ্ঞান বিভাগের মনোয়ারা বেগম। তার প্রাপ্ত নম্বর ৭শ' ১৩। সে চট্টগ্রামের হাটহাজারি কলেজের ছাত্রী। ৩য় হয়েছে কলা বিভাগের মোসাম্মাৎ শাবানা বেগম। তার প্রাপ্ত নম্বর ৬৯০। সে মিরপুর গার্লস আইডিয়াল কলেজের ছাত্রী।

ব্যাচেলর অফ আর্টস (কলা) বিভাগে মোট ৯০ হাজার ১শ' ৩১ জন পরীক্ষার্থীর মধ্যে ৮৭ হাজার ৩শ' ৬৩ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। এদের মধ্যে কৃতকার্য হয় ২৮ হাজার ৯শ' ৫৯ জন। কৃতকার্য পরীক্ষার্থীর ১১ হাজার ৬শ' ৪৯ জন মেয়ে। বিএ পরীক্ষায় প্রথম বিভাগে উত্তীর্ণ হয় ১শ' ৩০, দ্বিতীয় বিভাগে ১৯ হাজার ২শ' ৪২ ও ৩য় বিভাগে ৯ হাজার ৫শ' ৮৭ জন। পাসের হার শতকরা ৩৩ দশমিক ১৫।

ব্যাচেলর অফ সোস্যাল সায়েন্স (সমাজ বিজ্ঞান) বিভাগে মোট ৫০ হাজার ৩শ' ৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৪৮ হাজার ৮শ' ৯৩ জন পরীক্ষায় অংশ নেয়। পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীর সংখ্যা ১৬ হাজার ৮শ' ৭ জন। এদের মধ্যে ৮ জন প্রথম বিভাগ, ১০ হাজার ৬৯ জন দ্বিতীয় বিভাগ ও ৬ হাজার ৭শ' ৩০ জন ৩য় বিভাগে উত্তীর্ণ হয়। পাসের হার শতকরা ৩৪ দশমিক ৩৮। বিএসএস (পাস) পরীক্ষায় মেধা তালিকায় নাঙ্গলকোর্ট হাসান মেমোরিয়াল কলেজের ছাত্রী সালমা বেগম ৬শ' ২২ নম্বর পেয়ে প্রথম ও মুরাদনগরের কাজী নোমান আহমেদ কলেজের শাহীন আখতার ৬শ' ১৭ নম্বর পেয়ে দ্বিতীয় স্থান অর্জন করেছে।

ব্যাচেলর অফ সায়েন্স (বিজ্ঞান) পরীক্ষায় মোট পরীক্ষার্থী ১৬ হাজার ৯৮ জনের মধ্যে ১০ হাজার ৮শ' ৫৬ জন পরীক্ষায় অংশগ্রহণ করে। কৃতকার্য হয় ৩ হাজার ৪শ' ৫৭ জন। পাসের হার শতকরা ৪০

ডিগ্রি ঃ পৃঃ ৭ কঃ ৪

## ডিগ্রি ঃ ফল প্রকাশ

( ১ম পৃষ্ঠার পর )

দশমিক ৭২। প্রথম বিভাগে ১শ' ৭৭, দ্বিতীয় বিভাগে ৫ হাজার ৫০ ও তৃতীয় বিভাগে ১ হাজার ২শ' ৩০ জন কৃতকার্য হয়। বিএসসি (পাস) পরীক্ষায় প্রথম স্থান অর্জন করে চট্টগ্রামের হাটহাজারি কলেজের মনোয়ারা বেগম। তার প্রাপ্ত নম্বর ৭শ' ১৩। দ্বিতীয় হয়েছে নাজিরহাট কলেজের নওরিন জাহান। তার প্রাপ্ত নম্বর ৬শ' ৮১।

ব্যাচেলর অফ কমার্স (পাস) মোট ২৯ হাজার ৯শ' ৫৮ জন পরীক্ষার্থীর মধ্যে ৭শ' ১৬ জন পরীক্ষায় অংশ নেয়নি। এ পরীক্ষায় মোট কৃতকার্য হয় ১২ হাজার ৩শ' ৯২ জন। পাসের হার ৪২ দশমিক ৩৮। বিকম (পাস) পরীক্ষায় ১০ জন প্রথম বিভাগ, ৫ হাজার ৩শ' ৮৩ জন দ্বিতীয় বিভাগ ও ৬ হাজার ৯শ' ৯৯ জন তৃতীয় বিভাগে পাস করে। বাণিজ্যে প্রথম হয়েছে ঢাকার মোহাম্মদপুর মহিলা কলেজের শফুরা আখতার। তার প্রাপ্ত নম্বর ৬শ' ৪১। দ্বিতীয় হয়েছে ঢাকা সিটি কলেজের রেজাউর রহমান মাহমুদ। তার প্রাপ্ত নম্বর ৬শ' ৩৯। ১৯৯৮ সালে সার্টিফিকেট কোর্স পরীক্ষায় অংশ নেয় ২ হাজার ৯শ' ৫১ জন। এদের মধ্যে পাস করে ১ হাজার ১শ' ৯১ জন।